



ফোন : ০২৫১৫০৭৭৪  
ফ্যাক্স : ৫৮১৫০৬৮২  
ই-মেইল : admin@drmc.edu.bd  
ওয়েব : www.drmc.edu.bd

## ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ

(শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান)

(স্থাপিত : ১৯৬০ সাল)  
মোহাম্মদপুর, ঢাকা-১২০৭



শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ)  
২০২২



শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান (কলেজ)  
২০২৩



Zayed Sustainability  
Prize 2023

তারিখ : ০৫ জানুয়ারি ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ কর্তৃক আয়োজিত '৬৫ তম বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা-২০২৫' কলেজ বটমূলে ০৫ জানুয়ারি ২০২৫ তারিখ রবিবার থেকে শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল ড. মোহাম্মদ জাবের হোসেন। বিশেষ অতিথি ছিলেন অধ্যক্ষপত্নী নাহিদ শামীম রূপা। কলেজের এ সাংস্কৃতিক প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীদেরকে আমাদের নিজস্ব সংস্কৃতি জানতে অনুপ্রাণিত করা এবং স্বকীয় গুণাবলি আরো ঋদ্ধ হওয়ার মাধ্যমে পড়াশুনার পাশাপাশি তাদের অন্যান্য প্রতিভা বিকাশে সহায়ক ভূমিকা পালন করবে বলে প্রধান অতিথি আশা প্রকাশ করেন। কলেজের উপাধ্যক্ষবৃন্দ, অভিভাবকমণ্ডলী, ছাত্র, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সাংস্কৃতিক প্রতিযোগিতা উপলক্ষ্যে রঙ-বেরঙের পতাকা, বেলুন ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা হয় কলেজ প্রাঙ্গণ। সবুজ-শ্যামলিমায় আবৃত সুবিশাল কলেজ ক্যাম্পাস হয়ে ওঠে নান্দনিক সৌন্দর্যে সমৃদ্ধ অতুলনীয় এক ভূবন। চারদিন ব্যাপী বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় কলেজের ০৭ টি হাউসের শিক্ষার্থীরা কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, গল্প বলা, ধারাবাহিক গল্পবলা, একক ও দলীয় অভিনয়, ছড়াগান, দেশাত্ববোধক গান, রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, আধুনিক সঙ্গীত, পল্লীগীতি, সমকালীন সঙ্গীত, দেয়াল পত্রিকা এবং চারু ও কারুকলা বিষয়ে অংশগ্রহণ করবে। ২১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ শুক্রবার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হবে।

আমীমুল ইহসান  
মুহাঃ আমীমুল ইহসান  
জনসংযোগ কর্মকর্তা